দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 04 AUG 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ......

# শিক্ষার্থীদের দায় দায়িত্ব পিস স্কুলকেই নিতে হবে : শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

পিস স্কুল পরিচালনার সঙ্গে 'বাংলাদেশের স্বাধীনতার চেতনার বিরোধী শক্তি জড়িত' মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, এসব বিদ্যালয়ের শিক্ষা জঙ্গি তৈরির ক্ষেত্রকে উৎসাহিত করছিল।

গতকাল বুধবার এক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নে পিস স্কুল বন্ধের কারণ ব্যাখ্যা করেন শিক্ষামন্ত্রী। আন্তর্জাতিক ও জাতীয় ১২টি এনজিও রাজধানীর সিরডাপ মিলনায়তনে ইয়ং চেইঞ্জ মেকার্স কোয়ালিশন নামে এই অনুষ্ঠানের আয়োজন করে।

শিক্ষামন্ত্রী বলেন, পিস স্কুলে যে লেখাপড়া হচ্ছে, যে মানসিকতা গড়ে তোলা হচ্ছে সেটি আমাদের নতুন প্রজন্মের শিক্ষার্থী এবং দেশের জন্য কখনও মঙ্গলকর নয়। আমাদের স্বাধীনতার চেতনার বিরোধী শক্তি এগুলো পরিচালনা করছে। তারা এখানে এমনই মনোভাব তৈরি করছেন যেগুলো জঙ্গিবাদ তৈরির ক্ষেত্রে, ইসলামের ভুল ব্যাখ্যা দিয়ে বিপথগামী করতে উৎসাহিত করে। যার জন্য এ ধরনের প্রতিষ্ঠান আমরা চালাতে দিতে পারি না।

বন্ধ করে দেওয়া পিস স্কুলগুলোর শিক্ষার্থীদের দায়িত্ব বিদ্যালয় কর্তৃপক্ষকেই নিতে হবে জানিয়ে মন্ত্রী বলেন, দায়িত্ব তারাই নেবেন যারা তাদের এই পথে নিয়ে এসেছেন। অনুমোদনহীন সব শিক্ষা প্রতিষ্ঠানই বন্ধ করে দেওয়া হবে এমন তথ্য জানিয়ে মন্ত্রী বলেন, অনেক পিস স্কুল কোনো অনুমোদনই নেয়নি। একটা হয়তো বোর্ডের অনুমোদন নিয়েছে, সেটাও কাউকে না কাউকে ধরে। ভারতের বিতর্কিত ইসলামী বক্তা জাকির নায়েকের পিস টিভির সম্প্রচার বাংলাদেশে বন্ধের পর অনুমোদনহীন পিস স্কুলগুলোও মঙ্গলবার বন্ধ করার নির্দেশ দেয় শিক্ষা মন্ত্রণালয়।

ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ জানায়, রাজধানীর লালমাটিয়া পিস স্কুল নামে একটি ইংরেজি মাধ্যমের বিদ্যালয়ের সাময়িক নিবন্ধনই শুধু তারা দিয়েছে; বাকিগুলো অননুমোদিত। জাকির নায়েককে অনুসরণ করেই ঢাকাসহ বাংলাদেশের বিভিন্ন এলাকায় 'পিস' শব্দ জুড়ে দিয়ে বিভিন্ন নামে এসব শিক্ষা প্রতিষ্ঠান পরিচালিত হচ্ছে বলে অভিযোগ রয়েছে।

গতকাল সরেজমিনে গিয়ে মিরপুরে একটি পিস স্কুলে দেখা গেছে, সেখান থেকে শিক্ষার্থীদের ফিরিয়ে দেয়া হয়েছে। সাইনবোর্ড নামিয়ে ফেলা হয়েছে। স্কুলের এক কর্মচারী বলেন, এখন কী হবে তা পরিচালকরা বলতে পারবেন।